# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 12 April, 2025

কক্সবাজারের ঈদগাঁওয়ে থানা-পুলিশের লুট হওয়া অস্ত্র পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করা হয়েছে।গতকাল শুক্রবার উপজেলার পশ্চিম গজালিয়ার একটি সেতুর নিচ থেকে এসব অস্ত্র উদ্ধার করা হয়।গত বছরের ৫ আগস্ট থানা থেকে এসব অস্ত্র খোয়া যায় বলে জানায় পুলিশ।

ঈদগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মছিউর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।তিনি বলেন, স্থানীয় লোকজন একটি সেতুর নিচে পরিত্যক্ত অবস্থায় অস্ত্রগুলো দেখে পুলিশে খবর দেন।এরপর পুলিশ গিয়ে সেখান থেকে একটি দুনলা বন্দুক, একটি হেলার, একটি গ্যাস মাস্ক, দুটি গামবুট, একটি রেলিং পাইপ, একটি লেগগার্ড ও দুটি অস্ত্রের সিনিং উদ্ধার করে।

ওসি বলেন, ব্যক্তি মালিকানাধীন তিনটি অস্ত্র ৫ আগস্ট লুট হয়েছিল।এর মধ্যে একটি দুনলা বন্দুক উদ্ধার হলো।বাকি দুটি অস্ত্র উদ্ধারে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে বলে জানান তিনি।

কক্সবাজার অস্ত্র উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:21

URL: https://www.timestodaybd.com/chittagong/683433655